

# সমকাল

## নিমসারে শিক্ষককে পিটিয়েছে ৫ ছাত্র

১০ ঘণ্টা আগে

বুড়িচং (কুমিল্লা) প্রতিনিধি

বুড়িচং উপজেলার মোকাম ইউনিয়নের নিমসার উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক আমির হোসেনকে সোমবার স্কুল চলাকালে পিটিয়ে আহত করেছে স্কুলেরই দশম শ্রেণির ৫ ছাত্র। দশম শ্রেণির অনিয়মিত ছাত্ররা নবম শ্রেণির ছাত্রীদের উত্ত্যক্ত করত বলে মেয়েদের শ্রেণিকক্ষ পরিবর্তন করায় শিক্ষককে পিটিয়ে আহত করেছে বখাটে ছাত্ররা।

এসএসসি পরীক্ষার আগে বিদ্যালয়ের মডেল টেস্ট পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীদের বিদ্যালয়ের ২য় তলায় ক্লাস নেওয়া হতো। তাদের ক্লাসের পাশেই ছিল নবম শ্রেণির ছাত্র/ছাত্রীদের শ্রেণি কক্ষ। নবম শ্রেণির ছাত্রীরা বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছে বেশ কয়েকবার অভিযোগ করেন মডেল টেস্টে অকৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে কয়েক জন ছেলে তাদের উত্ত্যক্ত করে আসছে। মেয়েদের অভিযোগের পরিপ্রেক্ষিতে ওই ছেলেদের সতর্ক করে দেন শিক্ষকরা; কিন্তু এতেও কোনো কাজ হয়নি। এ বিষয়ে গতকাল সোমবার সকালে বিদ্যালয়ের স্থায়ী/অস্থায়ী মোট ২৮ শিক্ষক একটি জরুরি সভা করেন। সভায় শিক্ষকদের সম্মতিক্রমে নবম শ্রেণির মেয়েদের শ্রেণি কক্ষ পরিবর্তন করে নিচ তলায় আনার সিদ্ধান্ত হয়।

এতে ক্ষিপ্ত হয়ে ওঠে মডেল টেস্ট পরীক্ষায় অকৃতকার্য কয়েকজন ছেলে। সভা শেষে বিদ্যালয়ের সহকারী শিক্ষক আমির হোসেন শিক্ষকদের অফিস রুমে বসা ছিল। এ সময় মডেল টেস্ট পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে মো. হালিম, মো. শাহীন, মো. যোবায়ের, মো. জিহাদসহ ৫ ছাত্র অফিস রুমে এসে আমির হোসেনের কাছে নবম শ্রেণির মেয়েদের শ্রেণি কক্ষ পরিবর্তনের বিষয়টি জানতে চায়। এ সময় শিক্ষক আমির হোসেন জানান, শিক্ষকদের সম্মতিক্রমে এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এতে ওই ছাত্ররা ক্ষিপ্ত হয়ে আমির হোসেনের ওপর হামলা চালায়। এ সময় আমির হোসেন প্রাণ রক্ষার্থে দৌড়ে প্রধান শিক্ষকের অফিস রুমে গিয়ে আশ্রয় নেন। শিক্ষককে পিটিয়ে আহত করায় বিদ্যালয়ের অন্য শিক্ষার্থীরা ক্ষেপে গিয়ে ওই ৫ ছাত্রকে ধাওয়া দেয়।

খবর পেয়ে ওসি (তদন্ত) মেজবাহ উদ্দিন সঙ্গীয় ফোর্সসহ স্কুলে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পুলিশ শিক্ষকের ওপর হামলাকারী ছাত্রদের মধ্যে তিন ছাত্রকে আটক করে।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com